



নাটকীয় প্রত্যাবর্তনে জাপানকে হারিয়ে শেষ ষোলোতে ব্রাজিল



ছবি: সংগৃহীত

এক গোলে পিছিয়ে থেকেও দারুণ লড়াই করে জাপানকে ২-১ ব্যবধানে হারিয়েছে ব্রাজিল। ম্যাচের একেবারে শেষ মুহূর্তে গ্যাব্রিয়েল মার্টিনেলির গোলেই রাউন্ড অব ৩২ পেরিয়ে বিশ্বকাপের শেষ ষোলো নিশ্চিত করে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নরা।

সোমবার (২৯ জুন) হিউস্টনে অনুষ্ঠিত ম্যাচে শুরুতে আধিপত্য দেখায় জাপান। ২৯তম মিনিটে কাইশু সানোর দুর্দান্ত একক প্রচেষ্টায় এগিয়ে যায় এশিয়ার দলটি। প্রথমার্ধে সেই ব্যবধান আর বদলাতে পারেনি ব্রাজিল।

বিরতির পর নতুন উদ্যমে মাঠে নামে সেলেসাওরা। একের পর এক আক্রমণে জাপানের রক্ষণভাগকে চাপে রাখে তারা। কয়েকটি সুযোগ নষ্ট হওয়ার পর ৫৬তম মিনিটে গ্যাব্রিয়েলের ক্রস থেকে হেডে সমতা ফেরান ক্যাসেমিরো। একই সঙ্গে বিশ্বকাপে ব্রাজিলের হয়ে দ্বিতীয় সর্বোচ্চ বয়সে গোল করার রেকর্ডও গড়েন তিনি।

গোলের পর ম্যাচের নিয়ন্ত্রণ পুরোপুরি নিজেদের হাতে নেয় ব্রাজিল। নির্ধারিত সময় শেষে যোগ করা সময়ে আসে কাজিফত মুহূর্ত। ব্রনো গিমারায়েসের বাড়ানো বল থেকে গ্যাব্রিয়েল মার্টিনেলির নিচু শট জালে জড়ালে জয় নিশ্চিত হয় ব্রাজিলের।

এই জয়ের সুবাদে শেষ ষোলোয় জায়গা করে নিয়েছে ব্রাজিল। অন্যদিকে শেষ মুহূর্তের হতাশাজনক পরাজয়ে টুর্নামেন্ট থেকে বিদায় নিতে হয়েছে জাপানকে।